সাধারণ মানুষের অধ্যয়নযোগ্য কিতাবের তালিকা —মাওলানা মুহাম্মাদ আব্দুল মালেক হাফি.

তরজমা ও তাফসীর

১. এমদাদিয়া লাইব্রেরী থেকে প্রকাশিত বঙ্গানুবাদ কুরআন শরীফ, যা মাওলানা হেদায়াতুল্লাহ সাহেব,মাওলানা আব্দুল মজীদ প্রমূখ কর্তৃক সম্পাদিত।

২. তাফসীরে তাওযীহুল কুরআন, মুফতী মুহাম্মাদ তাকী উসমানী, অনুবাদ : মাওলানা আবুল বাশার মুহাম্মাদ সাইফুল ইসলাম।

৩. মাআরিফুল কুরআন, মুফতী মুহাম্মাদ শফী রাহ. অনুবাদ : মাওলানা মুহিউদ্দীন খান রাহ. (আট খণ্ডে)

৪. তাফসীরে উছমানী, মাওলানা শাব্বির আহমদ উসমানী। (৪ খণ্ডে ইসলামিক ফাউন্ডেশন থেকে প্রকাশিত)

৫. সংক্ষিপ্ত তাফসীরে উছমানী, অনুবাদ : প্রফেসর মাওলানা গিয়াসুদ্দীন, থানবী লাইব্রেরী।

হাদীস

১. মাআরিফুল হাদীস, মাওলানা মুহাম্মাদ মনযুর নোমানী, অনুবাদ : ইসলামিক ফাউন্ডেশন অথবা এমদাদিয়া লাইব্রেরী।

২. আল আদাবুল মুফরাদ, ইমাম বুখারী, অনুবাদ : মাওলানা আবদুল্লাহ বিন সাঈদ জালালাবাদী।

ফিকহ-মাসায়েল

১. বেহেশতী জেওর, অনুবাদ : মাওলানা আহমদ মায়মূন, উস্তায, জামিয়া শারইয়্যাহ মালিবাগ।

২. ফাতাওয়া ও মাসাইল, ইসলামিক ফাউন্ডেশন।

৩. হাদীস ও মাসায়েলে আহনাফ, ইসলামিক ফাউন্ডেশন।

৪. নবীজীর নামাজ, অনুবাদ : মাওলানা যাকারিয়া আবদুল্লাহ।

৫. দলীলসহ নামাযের মাসায়েল, মাওলানা আবদুল মতীন।

আকাঈদ

১. ফুরুউল ঈমান, হাকীমুল উম্মত থানবী রাহ., অনুবাদ : মাওলানা মুহাম্মাদ জালালুদ্দীন, মাকতাবাতুল আশরাফ থেকে প্রকাশিত।

২. ঈমান ও আকীদা, হাকীমুল উম্মত থানভী রাহ.।

৩. ঈমান সবার আগে,মাওলানা মুহাম্মাদ আবদুল মালেক।

সীরাত-শামায়েল

১. সীরাতে খাতামুল আম্বিয়া, মুফতী শফী রাহ.।

২. নবীয়ে রহমত, আবুল হাসান আলী নদবী রাহ.।
৩. মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও সভ্য পৃথিবীর ঋণ স্বীকার, আবুল হাসান আলী নদভী রাহ.।
৪. সীরাতে মুস্তফা সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, ইদরীস কান্ধলভী রাহ.।
৫. আসাহহুস সিয়ার, মাওলানা আবুল বাশার মুহাম্মাদ সাইফুল ইসলাম অনুদিত, এমদাদিয়া থেকে প্রকাশিত।
৬. উসওয়ায়ে রাসূলে আকরাম, ড. আবদুল হাই আরেফী।

বিবিধ
১. তাযকিরাতুল আখেরাহ, প্রফেসর মুহাম্মাদ হামীদুর রহমান।
২. তাসাওউফ: তত্ত্ব ও বিশ্লেষণ, মাওলানা মুহাম্মাদ আবদুল মালেক। ৩. কুরআনের ডাক ও আমাদের জীবন, প্রফেসর মুহাম্মাদ হামীদুর রহমান।
৪. ইসলামকে জানতে হলে, মাওলানা আবু তাহের মেসবাহ।
৫. ইসলামের ডাক, প্রফেসর মুহাম্মাদ হামীদুর রহমান।
৬. প্রচলিত ভুল, মারকাযুদ দাওয়াহ আলইসলামিয়া ঢাকা থেকে মুদ্রিত।
৭. প্রচলিত জাল হাদীস,মারকাযুদ দাওয়াহ থেকে প্রকাশিত।
৮. উম্মাহর ঐক্য: পথ ও পন্থা, মাওলানা মুহাম্মাদ আবদুল মালেক।
৯. মাযহাব কী ও কেন? মুফতী তাকী উসমানী, অনুবাদক: মাওলানা আবু তাহের মেসবাহ।
১০. খেলাফত ও রাজনীতি: ইসলামী দৃষ্টিকোণ, মাওলানা আবু সাবের আব্দুল্লাহ।

এছাড়া দ্বীনী বিভিন্ন বিষয়ের উপর আকাবিরে উলামায়ে কেরামের রচনাবলী অধ্যয়ন করা বেশ উপকারী। যেমন হাকীমুল উম্মত আশরাফ আলী থানবী রাহ., মাওলানা মুহাম্মাদ মনযুর নোমানী রাহ., আবুল হাসান আলী নদবী রাহ. এবং মুফতী মুহাম্মাদ তাকী উসমানী দামাত বারাকাতুহুম প্রমূখের লিখিত বই-পুস্তক,মাওয়ায়েজ এবং বয়ানসমগ্র। এখানে নমুনাস্বরূপ কয়েকটি উল্লেখ করা হলো:

আশরাফ আলী থানবী রাহ.-এর
১. ইসলাহী নেসাব, (দশটি কিতাবের সংকলন)।
২. মাওয়ায়েজে আশরাফিয়া, অনুবাদ: এমদাদিয়া লাইব্রেরী, চকবাজার।
৩. মাজালিসে হাকীমুল উম্মত, মুফতী শফী রাহ. (সংকলিত)
৪. মুনাজাতে মাকবুল,মাওলানা যাকারিয়া আবদুল্লাহ অনুদিত।
৫. বাসায়েরে হাকীমুল উম্মত।

মাওলানা মুহাম্মাদ মনযুর নোমানী রাহ.-এর
১. ইসলাম কী ও কেন?
২. দ্বীন ও শরীয়ত।
৩. নামাজের হাকীকত।
৪. কুরআন আপনাকে কী বলে?

মাওলানা আবুল হাসান আলী নদবী রাহ.-এর
১. আরকানে আরবাআহ, অনুবাদ: মাওলানা আবু তাহের মিসবাহ।
২. ইসলামী জীবন বিধান, অনুবাদ: মাওলানা ফরীদুদ্দীন মাসউদ।

তাকী উসমানী দা. বা.-এর
১. ইসলাহী মাজালিস।
২. ইসলাম ও আমাদের জীবন, (নির্বাচিত রচনা ও বয়ান সমগ্র, ১৪ খণ্ডে)।
৩. যিকর ও ফিকর।
৪. কুরআন সুন্নাহর আলোকে পরিবার ব্যবস্থা।

পরামর্শ :
দ্বীনের সঠিক বোধ ও জ্ঞান অর্জনের জন্য এবং দ্বীনের উপর অটল-অবিচল থাকার জন্য জরুরি হল, আহলে হক আলেমদের এবং আল্লাহ ওয়ালাদের সাথে সুসম্পর্ক রাখা এবং তাঁদের পরামর্শ অনুসারে চলা। এর পাশাপাশি তাদের পরামর্শ ও তত্ত্বাবধানে দ্বীনী গ্রন্থ ও বই-পুস্তক অধ্যয়ন করাও জরুরি। গ্রন্থ অধ্যয়নের ক্ষেত্রে কেবল ব্যক্তিগত অধ্যয়ন যথেষ্ট নয়। বরং বিশেষজ্ঞদের কাছ থেকে নিয়ম অনুযায়ী শিখতে হবে, এবং নিজস্ব ধারণার উপর তাদের সিদ্ধান্তকে অগ্রাধিকার দিতে হবে।

.

আপনি দ্বীনী বই-পুস্তকের একটি বিস্তারিত তালিকা পেশ করতে বলেছেন। তো এই মুহূর্তে বিস্তারিত তালিকা পেশ করা কঠিন। এটি সময় সাপেক্ষ বিষয়। এছাড়া অধ্যয়নযোগ্য বিষয়াবলী তো অনেক। এরপর প্রতিটি বিষয়ে রয়েছে একাধিক কিতাব। আহলে হক ও বিশেষজ্ঞ আলিমদের রচিত নির্ভরযোগ্য গ্রন্থসমূহ বিভিন্ন ধরনের রয়েছে। প্রতি শ্রেণীর সকল পর্যায়ের পাঠক সকল গ্রন্থ আত্মস্থ করতে পারবে- এমনটি অপরিহার্য নয়। সর্বপরি অধ্যয়নকারীর যোগ্যতা, বয়স ও অবস্থার ভিন্নতা ইত্যাদি প্রতিটি বিষয়ই এমন, যে কারণে অধ্যয়নের ক্ষেত্রে প্রত্যেকের ব্যক্তিগত অবস্থা অনুযায়ী কোনো বিজ্ঞ আলেমের পরামর্শে গ্রন্থ নির্বাচন করা প্রয়োজন। তো এখন এখানে আপাতত সংক্ষেপে বিষয়ভিত্তিক কিছু গ্রন্থ ও পুস্তিকার তালিকা পেশ করছি।